

সিনদি লীন ব্রাউন (Cindy Lynn Brown)

পাথর (Stone)

তোমরা যারা পাথর পছন্দ কর  
যাদের শক্ত দৃঢ় আঙুল আছে  
তোমরা হাঁটু পর্যন্ত পানি  
নিরোধক বুট জুতার মালিক হতে পার।

তোমরা পানির তলে গান গাও  
এবং অন্য মানুষের ভাষা চলাফেরায়  
স্বাভাবিক পূর্ণতা দাও।

পাথরের প্রাচীন মুখেরা  
তোমাদের ত্বক চাটে  
তা তাদেরই স্বাভাবিক প্রকাশ পরিণতি বটে।

সারারাত ধরে পাথরের অধিকার্যতা কর  
প্রতিদিন পছন্দের বাহারে  
আজ আমাদের যা পছন্দ তাই সঙ্গিন কর  
পছন্দের ইয়ারলব পরের কর।

এক এক পছন্দ সর্বদা একই থেকে যায়  
যেন কোনো বিকল্পই পছন্দ করবার নেই।

মানুষ যতটা পারে  
তোর চেয়েও বেশি স্যুপ উদরে ভরে  
রাজকীয় দাবার বোর্ডে  
এমন যুদ্ধ বেঁধে যেতে পারে  
যা কখনেই যাবে না উপসংহারে  
এবং যখন এটা হালকা পরিগ্রহ কর  
সমদ্র উপকূলে তুমি স্বচ্ছন্দ সপ্রাণ  
থেকে যেতে পার।

অনুবাদ: আনিসুর রহমান

সিন্দী লীন ব্রাউন

স্বপ্ন (Dream)

স্বপ্ন ও বাস্তবতার মাঝে  
তুমি ঘণ্টা কয়েক অপেক্ষা করতে পার  
প্রহরি তোমার বাক্স পেটরায় তল্লাশি চালায়, ধৈর্য্য ধর।

ক্ষুদ্র কোমল ঘুমের অনন্য  
নমুনা বিলি বণ্টন হয়।

বালিশে মুখ ডুমে যায়  
আমরা ভেতরে ঢুকে যাই  
রাতের পর রাত  
পরবাস্তবের সংজ্ঞা হাতরাই  
ঘুমে আমাদের ত্বক পুনর্গঠন হয় স্তরে

Respiration

একটা প্রাসাদ  
ঘুমহীনতা আমাদের ত্বককে নাজুক ও স্থূল করে  
গাভীর্যতার আনুষ্ঠানিক অভিনয় স্থান করে

চোখের নিচে কালো  
দাগের থরে দেখা পড়ে  
আনুষ্ঠানিক বিখ্যাত দর্শনার্থী  
উচ্চতর বহুবচনের তরে

সৌভাগ্যবশত তার সংশোধন হতে পারে  
একটি ক্ষুদ্র অস্ত্রোপাচারে

When duvets caress the  
maked skin with their myriads  
of little feathers.

এটা তাদের কৌশলী চালের চেয়েও বেশি কিছু  
তারা রণ্ড করে  
তাদের চন্দ্রালু শরীরে রোপণ করে  
আর বৃষ্টির জন্যে  
অপেক্ষা করে।

অনুবাদ: আনিসুর রহমান

সিন্দী লীন ব্রাউন

উন্মুক্ত (Open)

যেখানটায় আমরা মিলি  
সেখানটায় তোমাদের ক্ষতকে  
চিত্রকর্মের মতো প্রদর্শন করে  
যাও বছরের পর বছর ধরে।

কৃতজ্ঞ এবং সমব্যথী আমি  
সম্রাটের ভূমিকা পালন করি  
তোমার কষ্টকে নিজের মনে করি।

কিন্তু ভ্রূণ ধসে পড়ে  
পনির এবং ডিম  
মিশ্রিত খাবারের বন্যায়  
যতক্ষণ তার সিডিrom (CD-Rom)  
টিকে থাকতে পারে।

অনুবাদ: আনিসুর রহমান

সিন্দী লীন ব্রাউন

আবদ্ধ (Closed)

এবং তোমার পাঠানো সব  
আশির দশকের হলিউড কমেডি  
এবং পাঠানো সাবান  
এবং আলাদা চালানে  
হলুদ তোমার পার্সে

ব্যাকুল, আমি আমার  
প্রতিশোধের প্রস্তুতি নিই  
সবচেয়ে নীরব কৌশলী নৃত্য  
ঘটনা স্থলে  
একটা সময় আসে যখন  
কাঠের মেঝে আর  
পরিষ্কার হবার নয়।  
একমাত্র সমাধান রয় তাদের চূর্ণ বিচূর্ণ করা।

অনুবাদ: আনিসুর রহমান

সিন্দী লীন ব্রাউন

কল্পনা (Fantasy)

আয়নায় তাকিয়ে পুরোপুরি সন্তুষ্ট হও  
সেখানে তোমার প্রয়োজনের সবই আছে  
একাকী জেনে নাও

সময় একটা বিলাসী লোশন  
চারদিকে তার আরামের আসন  
একাকীত্ব এক বুজুদ সাবান  
ও বেলুনের প্রাসাদ  
তাদের প্রতিটি রূপকথা  
মধুর রঙ এ ব্যবহৃত  
কথার প্রবাদ

সেখানে প্রত্যাশের উন্মোচনে  
প্রায় অসম্ভব, ঘুমায় ক্যামনে

বস্তুগতভাবে তারা তাদের  
আবদ্ধ করবার পূর্বে  
প্রতারণার ফাঁদ কনুই আটকে যাবে।

অনুবাদ: আনিসুর রহমান